গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

স্মারক নং: মাউশি/লেইস/০২-১৯০/CRTM/২০২৫/ 2220

তারিখ : ২৮ বৈশাখ, ১৪৩৩ ব.
১১ মে, ২০২৬ খ্রি.

বিষয় : লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের ১০ (দশ) দিনব্যাপী 'জলবায়ু পরিবর্তনজনিত সচেতনতা বৃদ্ধি এবং দুর্যোগ ঝুঁকি মোকবেলা' বিষয়ক ৩য় ব্যাচের প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের আওতায় বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় গৃহীত লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্টটি অক্টোবর ২০২৩ হতে সেপ্টেম্বর ২০২৮ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। লেইস প্রজেক্ট এর অন্যতম প্রধান কর্মসূচি হচ্ছে মাধ্যমিক পর্যায়ে জলবায়ু পরিবর্তনজনিত সচেতনতা বৃদ্ধি এবং দুর্যোগ ঝুঁকি মোকাবেলায় সক্ষম করে তোলা। এ কর্মসূচির আওতায় প্রকল্পের প্রথম বছরে 'মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ (Disaster Risk Mitigation) নির্দেশিকা' প্রণীত হয়েছে যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে। এর ফলে বিশ্বব্যাংকের সাথে সম্পাদিত ঋণচুক্তির আওতায় লেইস প্রজেক্টের প্রথম বছরের জন্য নির্ধারিত জলবায়ু বিষয়ক Disbursement Linked Indicator (DLI)/Disbursement Linked Resutls (DLR) অর্জিত হয়েছে এবং নির্ধারিত পরিমান অর্থ ছাড় হয়েছে।

০২। উল্লিখিত নির্দেশিকা অনুসরণে লেইস প্রজেক্টের আওতায় পরবর্তী বছরসমূহে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য জলবায়ু সচেতনতামূলক বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের জন্য নির্ধারিত রয়েছে, তন্মধ্যে অন্যতম প্রধান কর্মসূচি হচ্ছে জলবায়ু পরিবর্তনজনিত সচেতনতা বৃদ্ধি এবং দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ বিষয়ে মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের জন্য ব্যাপকভিত্তিক প্রশিক্ষণ আয়োজন। এ প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষিত শিক্ষকগণ বিশেষ সেশন আয়োজনের মাধ্যমে স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় সচেতন করে তুলবেন (DLR ৭.২)। এছাড়াও মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে প্রকল্পের আওতায় জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় সচেতনতা বৃদ্ধি এবং দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়িত হবে। লেইস প্রকল্পের ২০২৫ সালের DLR লক্ষ্যমাত্রা অনুসারে প্রকল্পের জলবায়ু কর্মসূচি বাস্তবায়নে চ্যাম্পিয়ন ১০০টি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানকে পুরস্কার/সার্টিফিকেট প্রদান করা হবে (DLR ৬.২)।

৩। জলবায়ু পরিবর্তনজনিত সচেতনতা বৃদ্ধি এবং দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ বিষয়ে মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের জন্য ইতোমধ্যে ১০ দিন ব্যাপী ২টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। চলতি ২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষণ পরিকল্পনা অনুযায়ী জলবায়ু পরিবর্তনজনিত সচেতনতা বৃদ্ধি এবং দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ বিষয়ক প্রশিক্ষণটি আগামী ১৪ মে, ২০২৬ তারিখ হতে ২৩ মে, ২০২৬ তারিখ পর্যন্ত দেশের পাঁচটি সরকারি উচ্চমাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (এইচএসটিটিআই), বাংলাদেশ মাদ্রাসা

শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)-এর প্রতিটিতে ২টি গ্রুপের (প্রতি গ্রুপে ৪০ জন করে ৮০ জন প্রশিক্ষণার্থী) এবং সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (রংপুর) -এ ১ টি করে মোট ১৩টি গ্রুপে মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের জন্য ১০-দিন ব্যাপী ৩য় ব্যাচের প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা করা হয়েছে।

৪। বর্ণিত প্রশিক্ষণ আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে জরুরিভিত্তিতে নিম্নবর্ণিত প্রস্তুতি গ্রহণের অনুরোধ করা হলো:

(ক) সংশ্লিষ্ট উচ্চমাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (রংপুর) এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)-এর সন্নিকটবর্তী অঞ্চল (catchment area: তালিকা সংযুক্তি-১) হতে ২০২৫ সালে লেইস কর্তৃক নির্বাচিত প্রতিষ্ঠানসমূহ (স্কুল/মাদ্রাসা) হতে নিম্নবর্ণিত মানদন্ড অনুসরণ করে প্রশিক্ষণার্থী শিক্ষক নির্বাচন করার জন্য অনুরোধ করা হলো-

- **i.** তালিকাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান (সংযুক্তি-২: সদয় দ্রষ্টব্য) এর প্রধান শিক্ষকের সাথে আলোচনা করে প্রশিক্ষণার্থী শিক্ষক নির্বাচন করতে হবে;
- **ii.** প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রথমে সংযুক্ত তালিকা হতে উপজেলা বাছাই করতে হবে। নির্বাচিত প্রতিটি উপজেলা হতে সর্বোচ্চ ০৩টি শিক্ষা প্রতিষ্ঠানের ০১ (এক) জন করে প্রশিক্ষণার্থী শিক্ষককে (প্রতি উপজেলা হতে সর্বোচ্চ ০৩ জন : ০১ জন মাদ্রাসা এবং ০২ জন স্কুল) প্রথম ব্যাচের প্রশিক্ষণে আমন্ত্রণ জানাতে হবে;
- **iii.** প্রশিক্ষণার্থী বাছাই এর ক্ষেত্রে স্কুল ও মাদ্রাসার অনুপাত হবে ২:১ এবং পুরুষ ও নারী প্রশিক্ষণার্থীর অনুপাত হবে ২:১;
- **iv.** সামাজিক বিজ্ঞান, বিজ্ঞান, গণিত, ইংরেজি ও বাংলা, ইসলাম শিক্ষা বিষয়ের শিক্ষকগণকে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনীত করতে হবে;
- **v.** একই ব্যাচে একটি বিদ্যালয় হতে ১ জনের বেশি শিক্ষক নির্বাচন করা যাবে না;
- **vi.** মনোনীত শিক্ষক নির্ধারিত ভেন্যু এর সন্নিকটবর্তী এলাকার (catchment area) হতে হবে। (সংযুক্তি-১: সদয় দ্রষ্টব্য);
- **vii.** উপজেলা বাছাই এর ক্ষেত্রে পার্বত্য অঞ্চল, উপকূলীয় এলাকা, হাওর ও চর এলাকা, নদী ভাঙ্গন এলাকা কে প্রাধান্য দিতে হবে;

(খ) প্রধান শিক্ষকের সাথে মোবাইল অথবা ইমেইল যোগাযোগের মাধ্যমে শিক্ষকের তালিকা চূড়ান্ত করার পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এর স্বাক্ষরে প্রশিক্ষণার্থীগণের বরাবরে প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত পত্র জারি করতে হবে। প্রশিক্ষণার্থী বাছাই এর ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা শিক্ষা অফিসার/থানা শিক্ষা অফিসার এর সহায়তা নেয়া যেতে পারে।

(গ) প্রতিটি প্রশিক্ষণ গ্রুপের জন্য লেইস প্রজেক্টের জলবায়ু বিষয়ক প্রশিক্ষণের মাস্টার ট্রেনারগণের মধ্য হতে একজনকে কো-অর্ডিনেটর এর দায়িত্ব প্রদান করতে হবে।

(ঘ) প্রশিক্ষণ কর্মসূচি সম্পূর্ণ আবাসিক বিধায় আয়োজক প্রশিক্ষণ প্রতিষ্ঠান কে সকল প্রশিক্ষণার্থীর জন্য আবাসনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

CS CamScanner

৫।	বর্নিত প্রশিক্ষণের অনুমোদিত বাজেট বিভাজনের কপি (স্মারক: ৩৭.০০.০০০০.০৮১.৩৬.০০১.২২ (অংশ-৫)-১৯৭; তারিখ: ১৭ নভেম্বর ২০২৫) এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উক্ত বাজেট অনুসরণে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। উক্ত বাজেট বিভাজন এবং সরকারি ক্রয় নীতমালা অনুসরণপূর্বক প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় ক্রয় (যথা: প্রশিক্ষণ উপকরণ ইত্যাদি) সম্পাদন করতে হবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে।

৬।	উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (সকল), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (রংপুর) এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)-এর নির্বাচিত কর্মকর্তাগণ ৩য় ব্যাচের জন্য মাস্টার ট্রেইনার হিসাবে দায়িত্ব পালন করবেন।

৭।	এ পরিপ্রেক্ষিতে, লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক পর্যায়ের ১০ দিনব্যাপী 'জলবায়ু পরিবর্তনজনিত সচেতনতা বৃদ্ধি এবং দুর্যোগ ঝুঁকি মোকাবেলা' বিষয়ে ৩য় ব্যাচের শিক্ষক প্রশিক্ষণ আয়োজনের অনুরোধ করা হলো। **বিষয়টি অতীব জরুরি।**

(প্রফেসর মো. আসাদুজ্জামান)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট
ই-মেইল: pd.laise@dshe.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক, উচ্চমাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (সকল);
২. অধ্যক্ষ, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (রংপুর);
৩. অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুর, ঢাকা;

স্মারক নং: মাউশি/লেইস/০২-১৯০/CRTM/২০২৫/১২১০		তারিখ : ২৮ বৈশাখ, ১৪৩৩ ব. / ১১ মে, ২০২৬ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ [দৃ. আ. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ];
২. সচিব, কারিগরি ও মাধ্যমিক শিক্ষা বিভাগ [দৃ. আ. অতিরিক্ত সচিব (উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ];
৩. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর;
৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৫. পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৬. পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৭. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৮. আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৯. উপপরিচালক, মাধ্যমিক শিক্ষা (সকল অঞ্চল);

CS CamScanner

প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রকল্প কর্মকর্তা, (প্রশিক্ষণ-১) লেইস প্রজেক্ট; [লেইস প্রজেক্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

২. জেলা শিক্ষা অফিসার, ………… (সংশ্লিষ্ট জেলা); [বর্ণিত প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী বাছাই এর ক্ষেত্রে সংলিষ্ট প্রশিক্ষণ ভেন্যুকে সহযোগিতা প্রদানের অনুরোধসহ]

৩. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট); [বর্ণিত প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী বাছাই এর ক্ষেত্রে সংলিষ্ট প্রশিক্ষণ ভেন্যুকে সহযোগিতা প্রদানের অনুরোধসহ]

৪. সংরক্ষণ নথি।

11.05.26
(মোহাম্মদ নাসির উদ্দিন)
উপ-প্রকল্প পরিচালক
(প্রশিক্ষণ, প্রোগ্রামিং, এবং রিপোর্টিং)
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট